জেলা পরিষদ
চট্টগ্রাম।
www.zpchattogram.org

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ঃ ৪৬.৪২.১৫০০.০০১.০২.০০১.২১-২৭২০

তারিখ ঃ ২৪ মাঘ ১৪২৮ / ০৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয় ঃ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংযুক্ত বিজ্ঞপ্তিখানা তাঁর বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী ০৯.০২.২০২২ খ্রি: তারিখ শুধু ০১ (এক) দিনের জন্য ১২ ইঞ্চি × ০৩ কলামে প্রচার করার জন্য অনুরোধ করা হল। প্রচারিত বিজ্ঞপ্তিসহ ০২ (দুই) কপি পত্রিকা এবং বিল দাখিল করার জন্যও অনুরোধ করা হল।

সংযুক্ত ঃ বিজ্ঞপ্তির কপি-০১ (এক) প্রস্ত।

০৭/০২/২২

(শাব্বির ইকবাল)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম
ফোন : ০২৩৩৩৩৫৮৯১৮
ইমেইল: zpctg@yahoo.com

প্রাপক ঃ বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক আজাদী
চট্টগ্রাম

বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক ভোরের কাগজ
ঢাকা

বিজ্ঞাপন ম্যানেজার
The Daily Observer
ঢাকা

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম।

জেলা পরিষদ
চট্টগ্রাম
www.zpchattogram.org

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ঃ ৪৬.৪২.১৫০০.০০১.০২.০০১.২১-২৭২০

তারিখ ঃ ২৪ মাঘ ১৪২৮ / ০৭ ফেব্রুয়ারি ২০২২

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর স্মারক নং: ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭-২৫৭ তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০২২ এর ছাড়পত্র মোতাবেক চট্টগ্রাম জেলা পরিষদে নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনের সাথে নিম্ন বর্ণিত তথ্যাদি উল্লেখ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | উচ্চমান সহকারী | টাকা ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ জাতীয় বেতন স্কেল ২০১৫ | ০১ (এক) | ১৮-৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি এবং দাপ্তরিক চিঠিপত্র লিখন কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলী ঃ

০১। প্রার্থীর বয়স ০৭/০২/২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম চট্টগ্রাম জেলা পরিষদের ওয়েবসাইট (**www.zpchattogram.org**) অথবা চট্টগ্রাম জেলা পরিষদ কার্যালয় হতে পাওয়া যাবে;

০৩। আবেদনপত্রসমূহ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম বরাবরে আগামী ২৪/০২/২০২২ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে অফিস চলাকালীন জেলা পরিষদ, চট্টগ্রাম কার্যালয়ে অবশ্যই ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩(তিন) কপি পাসর্পোট সাইজের সত্যায়িত রঙিন ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এলাকার জন্য কাউন্সিলর কর্তৃক নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি যুক্ত করতে হবে;

০৫। আবেদনকারী প্রার্থীদেরকে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম-এর অনুকূলে তফসিলি ব্যাংক হতে যথাক্রমে ৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে;

০৬। দরখাস্তের খামের উপর প্রার্থিত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে;

০৭। আবেদনপত্রের সাথে ৪″× ১০″ সাইজের নিজ ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাক টিকিটসহ ফেরত খাম যুক্ত করতে হবে;

০৮। প্রার্থী মুক্তিযোদ্ধা পোষ্য হলে সেক্ষেত্রে তাকে তার পিতা/মাতা/দাদার মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র) দাখিল করতে হবে;

০৯। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম এর নিকট থেকে তালিকাভুক্তির সনদপত্রের সত্যায়িত কপি যুক্ত করতে হবে;

১০। এতিমখানা নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্ত্বাবধায়কের নিকট থেকে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত কপি যুক্ত করতে হবে;

১১। আনসার ও ভিডিপির ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি যুক্ত করতে হবে;

১২। তফসিলভুক্ত সম্প্রদায়ের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

১৩। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;

১৪। এ নিয়োগে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে;

১৫। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;

১৬। আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১৭। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না;

১৮। নির্বাচনী পরীক্ষার জন্য প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে। আগামী ০৩.০৩.২০২২ খ্রি: তারিখের মধ্যে প্রবেশপত্র না পেলে সংশ্লিষ্ট প্রার্থীকে ০৭.০৩.২০২২ খ্রি: তারিখের মধ্যে দুই কপি রঙিন ছবিসহ উপস্থিত হয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে হবে;

১৯। প্রার্থীদের নির্বাচনী/মৌখিক পরীক্ষা গ্রহণের সময় মূল সনদপত্র অবশ্যই দেখাতে হবে;

২০। দরখাস্তে বর্ণিত তথ্য যে কোন পর্যায়ে মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২১। এ নিয়োগের ক্ষেত্রে চাকুরীর শর্তাবলী বেতন-ভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে;

২২। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;

২৩। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭/০২/২২

**শাব্বির ইকবাল**
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম
ও
আহবায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি
সংক্রান্ত বাছাই কমিটি
ফোন: ০২৩৩৩৩৫৮৯১৮
ইমেইল : zpctg@yahoo.com